ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন
স্টেশন প্রকৌশলী
উপ-স্টেশন প্রকৌশলী
সহকারী বেতার প্রকৌশলী
রেডিও টেকনিশিয়ান

৫০২২

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

(অতীব জরুরি)

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৬.২০.১৭২৯ তারিখ: ১৫/১২/২০২১

বিষয়: **মহান বিজয় দিবস, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং 'বাংলাদেশ বেতারের ৮২তম প্রতিষ্ঠাবার্ষিকী' উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।**

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি চিরকৃতজ্ঞতায় মহান বিজয়ের মাসে বাংলাদেশ বেতার, শের-ই-বাংলা নগর, ঢাকায় আগামী ৩ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ, ১৮ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ, শনিবার বিকাল ০৪:০০ টায় মহান বিজয় দিবস, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং বাংলাদেশ বেতারের ৮২তম প্রতিষ্ঠাবার্ষিকী' উদযাপন উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ মকবুল হোসেন, পিএএ। উক্ত অনুষ্ঠানটি বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফ.এম. ১০৬.০ মেগাহার্জ, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জ এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ.এম. ব্যান্ডে অনুষ্ঠানটি একযোগে রিলে হবে। তবে সংশ্লিষ্ট এফ.এম. ব্যান্ডে এনএইচকে, বিবিসি-র অনুষ্ঠান যথারীতি প্রচার হবে তখন সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের বিকল্প এফ.এম. ব্যান্ডে (যদি থাকে) বর্ণিত অনুষ্ঠানটি রীলে হবে। এছাড়া ট্রাফিক সম্প্রচার কার্যক্রম থেকে রাত ৮:৩০ মিনিটের সংবাদ যাথারীতি প্রচার হবে।

২। অনুষ্ঠানের সময় পরিবর্তনের ক্ষেত্রে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, এর সাথে সমন্বয়পূর্বক অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন এবং আঞ্চলিক কেন্দ্রসমূহে অবহিত করবেন।

৩। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জে ও এফ.এম. ৯২ মেগাহার্জে, ঢাকা-খ এর অনুষ্ঠান সমূহ ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে প্রচার হবে। ঢাকা- গ এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। এক্ষেত্রে ঢাকা ব্যতীত অন্যান্য আঞ্চলিক কেন্দ্রসমূহ বাংলাদেশ বেতার ঢাকার সাথে সমন্বয় করে স্থানীয় সময় অনুযায়ী আযান প্রচার করে অনুষ্ঠানে ফিরে যাবে।

৪। অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৫। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন অনুষ্ঠান স্থল থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত সকল প্রকার সংযোগ স্থাপনের ব্যবস্থা ও প্রকৌশন দায়িত্ব পালন করবেন।

৬। উক্ত অনুষ্ঠান যথাযথভাবে প্রচার হচ্ছে কিনা সে বিষয়ে পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ঢাকা এর সাথে সমন্বয় করে অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

৭। অনুষ্ঠান প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণ করবেন।

৮। অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন। এছাড়া সকল কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকগণ/ তাঁর প্রতিনিধিগণ সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন এবং প্রয়োজনে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের পরিচালক এর সাথে যোগাযোগ করে সুষ্ঠুভাবে অনুষ্ঠান প্রচার নিশ্চিত করবেন।

৯। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। উক্ত অনুষ্ঠান সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী/ উপস্থাপক-উপস্থাপিকাগণ অনুষ্ঠান শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকবেন।

১১। স্থানীয় সংবাদ প্রচারের ক্ষেত্রে আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকের সাথে সমন্বয় করে প্রচারের ব্যবস্থা নিবেন।

১২। আঞ্চলিক পরিচালক, বেতার বাংলা বর্ণিত অনুষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়াদির ছবি পিআইডি হতে সংগ্রহপূর্বক যথাযথ ক্যাপশন ও তথ্যাদি সহ 'বেতার বাংলা'য় প্রকাশ করবেন।

১৩। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫/১২/২১

(সালাহউদ্দিন আহমেদ)
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন:০২-৪৪৮১৩০৬৭
ই-মেইল: salahuddinadg@gmail.com

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-**

১। প্রধান প্রকৌশলী/ উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার,ধামরাই, ঢাকা।
৩। সিনিয়র প্রকৌশলী/ আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/ জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া/ বাংলাদেশ বেতার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজোঁ/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৫। আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী/ আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙামাটি/ বান্দরবান/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ ময়মনসিংহ ও বেতার বাংলা, ঢাকা।
৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।
৭। উপ-বার্তা নিয়ন্ত্রক/উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার বরিশাল/ রাঙামাটি/ বান্দরবান/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।